গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
(নেজারত শাখা)
চট্টগ্রাম
তথ্য বাতায়ন : www.chittagong.gov.bd

স্মারক নং ০৫.৪২.১৫০০.২০৪.০১.০০১.২২- ২৮৪

তারিখ : ৩১ /০৫/২০২২ খ্রি.

## নিয়োগ বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্বৃত্ত কর্মচারী অধিশাখার ৩১/০৫/২০২২ খ্রি. তারিখের ০৫.০০.০০০০.১৬৬.১১.০২৩.১৬-৮১ নং স্মারকমূলে প্রাপ্ত ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে চট্টগ্রাম জেলা প্রশাসনের নিয়ন্ত্রণাধীন সার্কিট হাউজ, চট্টগ্রাম এর বাবুর্চি, সহকারী বাবুর্চি, বেয়ারার, মালি ও পরিচ্ছন্নতাকর্মী এর শূন্য পদের বিপরীতে জনবল নিয়োগের লক্ষে চট্টগ্রাম জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

| ক্র:নং: | পদের নাম | পদের সংখ্যা | জাতীয় বেতন স্কেল, ২০১৫ খ্রি. | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | বাবুর্চি | ০১ (এক) টি | ৮২৫০-২০০১০/- | কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং রান্নার কাজে নুন্যতম ০৫ বছরের অভিজ্ঞতা। |
| ২ | সহকারী বাবুর্চি | ০২ (দুই) টি | ৮২৫০-২০০১০/- | কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং রান্নার কাজে নুন্যতম ০৫ বছরের অভিজ্ঞতা। |
| ৩ | বেয়ারার | ০৪ (চার) টি | ৮২৫০-২০০১০/- | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |
| ৪ | মালি | ০১(এক) টি | ৮২৫০-২০০১০/- | কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৫ | পরিচ্ছন্নতাকর্মী | ০১(এক) টি | ৮২৫০-২০০১০/- | কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

**শর্তাবলী :**

১। প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও চট্টগ্রাম জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

২। নির্ধারিত আবেদন ফরমটি চট্টগ্রাম জেলার ওয়েব সাইট (www.chittagong.gov.bd) এর নোটিশ বোর্ডে এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েব সাইটে (www.mopa.gov.bd) পাওয়া যাবে।

৩। প্রার্থীর বয়স ১২/০৬/২০২২ খ্রি. তারিখে ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/প্রতিবন্ধী কোটার ক্ষেত্রে বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৪। প্রার্থীকে ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (নাম, পদবির সিল স্বাক্ষরসহ) কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত জাতীয়তা সনদ, শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি এবং সদ্য তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

৫। আবেদনপত্র আগামী ১২/০৬/২০২২ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে (বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে) ডাকযোগে অথবা সরাসরি জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম এর জেলা ই-সেবা কেন্দ্রে পৌছাতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনসমূহ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৬। আবেদনপত্রের সাথে (ক) সোনালী ব্যাংক লি: এর যে কোন শাখা হতে জেলা প্রশাসক, চট্টগ্রাম এর অনুকূলে ১-০৭৪২-০০০০-২০৩১ নম্বর কোডে ৫০/- (পঞ্চাশ) টাকার ট্রেজারী চালানের কপি (অফেরৎযোগ্য) জমা দিতে হবে। (খ) রেজিস্ট্রিসহ ডাকের জন্য ১০/- টাকার ডাক টিকেটযুক্ত ১০´X৪.৫´সাইজের একটি খাম সংযুক্ত করতে হবে। খামের উপরে ডান পার্শ্বে প্রার্থীর ডাক যোগাযোগের ঠিকানা (যে ঠিকানায় ইন্টারভিউ কার্ড পেতে ইচ্ছুক) লিখতে হবে।

৭। চাকুরিরত প্রার্থীগণ অন্যান্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে পারবেন। আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না। এ ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য নহে।

৮। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে কিংবা কোন তথ্য মিথ্যা প্রমাণিত হলে নিয়োগাদেশ বাতিলসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৯। একজন প্রার্থী একাধিক পদের জন্য আবেদন করতে পারবে না। খামের উপরে পদের নাম মোটা অক্ষরে লিখতে হবে।

১০। কোটা সম্পর্কিত সরকারি সর্বশেষ নীতিমালা অনুসরণ করা হবে। কোটার ক্ষেত্রে প্রার্থীকে তাঁর সংশ্লিষ্ট কোটা খামের উপর লিখতে হবে। (শারীরিক প্রতিবন্ধী/এতিম/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র সংযুক্ত করতে হবে)।

১১। প্রার্থীকে নির্বাচনী (লিখিত/মৌখিক) পরীক্ষায় অংশগ্রহণের জন্য ডাকযোগে প্রবেশ পত্র প্রেরণ করা হবে। পরীক্ষা/সাক্ষাৎকারে অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১২। কর্তৃপক্ষ অনিবার্য কারণে এ নিয়োগ কার্যক্রম স্থগিত, পদ সংখ্যা কম বা বেশি, সময় পরিবর্তন বা বাতিল এবং বিজ্ঞপ্তিতে উল্লেখিত শর্তাবলী সংশোধন বা পরিবর্তনের ক্ষমতা সংরক্ষণ করেন। এ ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। নিয়োগ সংক্রান্ত অন্যান্য শর্তাবলী অক্ষুণ্ন থাকবে।

১৩। বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/নাতি-নাতনির ক্ষেত্রে প্রার্থীর আবেদনপত্রের সাথে তার পিতা/মাতা/পিতামহ/ মাতামহের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সর্বশেষ প্রজ্ঞাপন মোতাবেক মুক্তিযোদ্ধা সনদ ও গেজেটের (উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত) ফটোকপি, যা ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (নাম, পদবীর সিল স্বাক্ষরসহ) কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে। এছাড়া বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সাথে আবেদনকারীর সম্পর্কের বিষয়ে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট সংযুক্ত করতে হবে।

| প্রার্থীর নাম পিতার নাম ও ঠিকানা | বীর, মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা | প্রার্থীর সাথে বীর মুক্তিযোদ্ধার সম্পর্ক ও উপযুক্ত কর্তৃপক্ষ প্রদত্ত ওয়ারিশ সনদ | বীর মুক্তিযোদ্ধার প্রমাণকের বিবরণী | বীর মুক্তিযোদ্ধার জন্ম তারিখ |
|---|---|---|---|---|
| | | (নাতি/নাতনির ক্ষেত্রে ছেলে/মেয়ে পক্ষ উল্লেখসহ) | ১। লাল মুক্তিবার্তা নম্বর<br>২। ভারতীয় তালিকা ও খন্ড নম্বর<br>৩। গেজেট নম্বর ও তারিখ<br>৪।সাময়িক সনদের নম্বর ও তারিখ (ক্রমিক ১ ও ২ নং এ বর্ণিত তালিকায় নাম না থাকলে ৩ নং ক্রমিকে বর্ণিত গেজেটসহ ৪ নং ক্রমিকে বর্ণিত প্রমাণক দাখিল করতে হবে। | ১। জন্মনিবন্ধন অনুযায়ী জন্ম তারিখ।<br>২। জাতীয় পরিচয় পত্র অনুযায়ী জন্ম তারিখব।<br>৩। এস.এস.সি সনদ অনুযায়ী জন্ম তারিখ।<br>৪। জন্ম নিবন্ধন আইন অনুযায়ী সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদের প্রত্যয়ন পত্র অনুযায়ী জন্ম তারিখ। |

৩১/০৫/২০২২

মোহাম্মদ মমিনুর রহমান
জেলা প্রশাসক
চট্টগ্রাম
ফোন: ০২৩৩৩৩৬৯৯৯৬ ফ্যাক্স: ০২৩৩৩৩৬৫০৭২
ই-মেইল :dcchittagong@mopa.gov.bd

স্মারক নং ০৫.৪২.১৫০০.২০৪.০১.০০১.২২-২৮৪ তারিখ : ৩১/০৫/২০২২ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃ.আ: সিনিয়র সহকারী সচিব, উদ্বৃত্ত কর্মচারী অধিশাখার ৩১/০৫/২০২২ খ্রি. ০৫.০০.০০০০.১৬৬.১১.০২৩.১৬-৮১ নং স্মারকের প্রেক্ষিতে)
২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম।
৫। জেলা প্রশাসক,......................................(সকল)।
৬। পুলিশ সুপার, চট্টগ্রাম।
৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, চট্টগ্রাম।
৮। সিভিল সার্জন, চট্টগ্রাম।
৯। উপ-পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম।
১০। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/এল,এ/রাজস্ব/শিক্ষা ও আইসিটি)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, চট্টগ্রাম।
১১। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম। এ নিয়োগ বিজ্ঞপ্তি ও আবেদন ফরম ওয়েব সাইটে প্রদর্শনের জন্য বলা হলো।
১২। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, চট্টগ্রাম।
১৩। জেলা তথ্য অফিসার, চট্টগ্রাম। তাকে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৪। নোটিশ বোর্ড, অত্র অফিস।

৩১/০৫/২০২২

মোহাম্মদ মমিনুর রহমান
জেলা প্রশাসক
চট্টগ্রাম
ফোন: ০২৩৩৩৩৬৯৯৯৬ ফ্যাক্স: ০২৩৩৩৩৬৫০৭১
ই-মেইল :dcchittagong@mopa.gov.bd